দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 15 1999 ...
পৃঃ ৩ কলাম ৫

70

# বরগুনা জেলা সদরের ২টি সরকারী উচ্চ বিদ্যালয় সমস্যায় জর্জরিত

বরগুনা (দক্ষিণ) সংবাদদাতা ॥ জেলা শহরে অবস্থিত সরকারী জেলা স্কুল ও সরকারী বালিকা বিদ্যালয় নানা সমস্যায় জর্জরিত। এই ২টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষাদান এবং ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। বর্তমানে সমস্যাগুলি হইতেছে শিক্ষক সংকট, ক্লাসরুমের স্থানাভাব হোষ্টেল, লাইব্রেরী, আসবাবপত্র, খেলার মাঠ ও খেলার

(৯ম পৃঃ দ্রঃ)

## বরগুনা জেলা শহরের

(৩য় পৃঃ পর)

সরঞ্জামের অভাব, জরাজীর্ণ ভবনও সমস্যা সৃষ্টি করিতেছে। উল্লেখ্য, জেলা সদরের ১টি বালক ও ১টি বালিকা উচ্চ বিদ্যালয় ১৯৭০ সালে সরকারীকরণ করা, হয়। বালক বিদ্যালয়টি সরকারীকরণের পর যদিও অবকাঠামোগত সুবিধা বৃদ্ধি করা হইয়াছে। কিন্তু পুরানো বিল্ডিং-গুলি মেরামত না করায় উহার অবস্থা জরাজীর্ণ। ভবনগুলি ব্যবহার আশংকা-জনক হইয়া পড়িয়াছে। এই বিদ্যা-লয়ের জমি সংশ্লিষ্ট কর্মচারীরা দখল করিয়া বিনাভাড়ায় বসবাস করিতেছে বছরের পর বছর।

এই বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকার পর বর্তমানে প্রধান শিক্ষক থাকিলেও অধি-কাংশ শিক্ষক স্থানীয়। কিছু সংখ্যক স্থানীয় শিক্ষকের প্রভাবে দূরবর্তী স্থানের শিক্ষকরা নিয়মনীতি অনুযায়ী কাজ করিতে অসুবিধায় পড়েন। এখানে শিক্ষার মান বেসরকারী বিদ্যালয়ের চাইতেও খারাপ।

অভিভাবকদের অভিযোগ, বিদ্যা-লয়ে পড়াশুনার চাইতে শিক্ষকদের প্রাইভেট শিক্ষার উপর বেশী চাপ দেওয়া হয়। বরগুনা সরকারী বালিকা বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ বিভিন্ন বিভাগের শিক্ষক সমস্যা বেশী। ইহাছাড়া ক্লাস রুম, খেলাধুলা, ছাত্রীদের হোষ্টেল-শিক্ষক-শিক্ষকদের আবাসিক সমস্যাও রহিয়াছে। এই বিদ্যালয়ে ছাত্রীদের হোষ্টেল নাই। পুরানো জরাজীর্ণ বিল্ডিং-এ ক্লাস নেওয়া হয়। গরমের মধ্যে টিন-শেডের রুমে ক্লাস নেওয়া সম্ভব হয় না।

বিদ্যালয়টিতে লেখাপড়ার মান তুলনামূলকভাবে ভাল হইলেও পূর্বের তুলনায় পরীক্ষার ফলাফল খারাপ হইতেছে।